দৈনিক ইত্তেফাক

২৪

তারিখ ... 23 MAR 1995 ...
পৃষ্ঠা ২ কলাম ৭

## তৃতীয় বিভাগের প্রতি বৈষম্য

গত ৩১শে আগষ্ট '৯৪ বি,টি,ভি'তে 'সমকাল' অনুষ্ঠানে উপস্থাপক একটি গুরুত্বপূর্ণ বিষয় জাতির সামনে উপস্থাপন করেন। বিষয়টি এদেশের শিক্ষা ব্যবস্থার সহিত সম্পর্কিত। আমাদের দেশে তিন শ্রেণীর পাসের ব্যবস্থা আছে। যাহারা এস, এস, সি হইতে ডিগ্রী পর্যন্ত কোন একটি বা দুইটিতে ২য় বিভাগ পায় তাহারা বিশ্ববিদ্যালয়ের ভর্তি বা চাকুরীর জন্য দরখাস্ত করিতে পারে। কিন্তু কেহ তিনটিতেই ৩য় বিভাগ পাইলে সে আর দরখাস্ত করিতে পারে না। এমতাবস্থায় আমার প্রশ্ন, যাহারা সব কয়টিতে ৩য় বিভাগ পাইয়াছে বা পাইবে তাহাদের কি উপায় হইবে? এমনকি উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ও ৩য় বিভাগপ্রাপ্তদের গ্রহণে রাজী নয়। অবস্থা যদি এই হয় তবে ৩য় বিভাগের প্রয়োজন কি? উক্ত অনুষ্ঠানে উপস্থাপকের এক প্রশ্নের জবাবে মাননীয় শিক্ষামন্ত্রী বলেন যে, ব্রিটেনের একটি বিশ্ববিদ্যালয় ৪র্থ শ্রেণীর পাস সার্টিফিকেট প্রদান করে। সেই সার্টিফিকেটপ্রাপ্তরাও নাকি উচ্চ শিক্ষা গ্রহণ করিতেছে এবং বড় বড় অফিসার হইতেছে। বিশ্বের একটি উন্নত দেশে যদি এই ব্যবস্থা থাকিতে পারে তবে আমাদের দেশে ৩য় বিভাগের এই দুরবস্থা কেন? দেশে ৩য় বিভাগের কোন মূল্যই যদি না থাকে তাহা হইলে এই শ্রেণীতে পাসের ব্যবস্থা একেবারে উঠাইয়া দেওয়াই কি সংগত নয়?

—মনির, জেল রোড, যশোর।